

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ধর্ম বিষয়ক মন্ত্রণালয়
হজ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.hajj.gov.bd

নং- ১৬.০০.০০০০.০০৩.১১.০০৭.১৬-৬৪০

তারিখঃ ০৩/০৫/২০১৭খ্রিঃ

বেসরকারি ব্যবস্থাপনার মোনাঞ্জেমদের জন্য জরুরি বিজ্ঞপ্তি

সুষ্ঠুভাবে হজ ব্যবস্থাপনার নিমিত্ত বেসরকারি ব্যবস্থাপনার মোনাঞ্জেমদের নিম্নলিখিত বিষয়সমূহ প্রতিপালনের জন্য নির্দেশনা প্রদান করা যাচ্ছে :

- ১। হজ প্যাকেজের ৩.২ অনুচ্ছেদ অনুযায়ী হজ ব্যবস্থাপনা ইনফরমেশন সিস্টেমে (HMIS) তার এজেন্সীর বিপরীতে নিবন্ধিত হজযাত্রীদের পিলগ্রিম আইডি (PID) প্রদান করতে হবে।
- ২। হজ প্যাকেজের ৩.৭ অনুযায়ী হজযাত্রীদের সাথে স্ব স্ব হজ এজেন্সীর চুক্তি (ফরম ১৫) সম্পাদন করে তা পরিচালক, হজ অফিস, ঢাকার নিকট জমা করতে হবে।
- ৩। মোনাঞ্জেম নিজের ও স্ব স্ব হজ এজেন্সীর মনোনীত দাপ্তরিক প্রতিনিধির আইডি কার্ড পরিচালক, হজ অফিস, ঢাকা হতে ৩০ শে মে/২০১৭ খ্রি. তারিখের মধ্যে সংগ্রহ করতে হবে।
- ৪। সরকার কর্তৃক আয়োজিত মোনাঞ্জেমদের জন্য প্রশিক্ষণ কর্মসূচিতে অংশগ্রহণ করতে হবে।
- ৫। হজ প্যাকেজের ৩.১ অনুচ্ছেদ অনুযায়ী বেসরকারি ব্যবস্থাপনার হজযাত্রীদের জন্য সংশ্লিষ্ট হজ এজেন্সীকে অবশ্যই সরকারি হজযাত্রীদের ন্যয় ন্যনতম নির্ধারিত অতিরিক্ত সেবা ক্রয়ের চুক্তি সৌদি মোয়াল্লেমের সাথে সম্পাদন করতে হবে।
- ৬। হজ প্যাকেজের ৩.১১ অনুযায়ী ১৫ রমজানের মধ্যে বাড়িভাড়া সম্পন্ন করে বাংলাদেশ হজ অফিস, জেদ্দার অনলাইন অনুমোদন নিতে হবে।
- ৭। ধর্ম বিষয়ক মন্ত্রণালয় এ বছর ভিসা লজমেন্ট কেন্দ্র পরিচালনা করবে না বিধায় সকল হজ এজেন্সীকে নিজ নিজ পাসপোর্ট স্ক্যানার দিয়ে সঠিকভাবে সকল নিয়ম-কানুন ও বিধি-বিধান অনুসরণপূর্বক ভিসা লজমেন্ট করতে হবে। তবে সৌদি সরকারের ই-হজ সিস্টেম হতে প্রাপ্ত তথ্যের সঙ্গে ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের Hajj Management & Information System (HMIS) এর তথ্যের গরমিল হলে সেক্ষেত্রে সংশ্লিষ্ট ব্যক্তির অনুকূলে VISA ইস্যুর জন্য রাজকীয় সৌদি দূতাবাসে প্রেরণ করা হবে না।
- ৮। পরিচালক, হজ অফিস, ঢাকার নিকট এজেন্সী কর্তৃক শুধুমাত্র নিবন্ধিত হজযাত্রীর তালিকাসমেত DO-র জন্য আবেদন করতে হবে। এক্ষেত্রে কোনরূপ ব্যত্যয় হলে অথবা অনিবন্ধিত কোন ব্যক্তির জন্য আবেদন করা হলে সংশ্লিষ্ট এজেন্সীর এরূপ কার্যক্রমকে গুরুতর অপরাধ হিসেবে গণ্য করে জাতীয় হজ ও ওমরাহ নীতি ১৪৩৮ হিজরী (২০১৭ খ্রি.) অনুযায়ী শাস্তির ব্যবস্থা গ্রহণ করা হবে।
- ৯। প্রতিটি হজ এজেন্সীকে স্ব স্ব এজেন্সীর অন্তত: ৯০% পাসপোর্ট লজমেন্টপূর্বক ভিসার জন্য আগামী ১৮ জুলাই ২০১৭ খ্রি: তারিখের মধ্যে পরিচালক, হজ অফিস, ঢাকার নিকট জমা দিতে হবে।

সকল মোনাঞ্জেমকে হজের ওয়েবসাইটে প্রকাশিত বেসরকারি ব্যবস্থাপনায় হজ এজেন্সীর মোনাঞ্জেম নির্বাচন ও কর্মপরিধি সংক্রান্ত নির্দেশিকার ওয় অনুচ্ছেদ এবং বাংলাদেশ ও রাজকীয় সৌদি সরকারের যাবতীয় নির্দেশনা যথাযথভাবে অনুসরণ করে হজ কার্যক্রম সম্পন্ন করতে হবে।


বেগম হাসিনা শিরীন
সহকারী সচিব (হজ-২)
ফোন : ৯৫৮৫২০০
e-mail: morahajsection@gmail.com